

# ‘অঙ্ককারের অন্তরালে’

‘শ্রীন্দ্রপেন্দ্রনাথ মজুমদার

দ্বিতীয় বার্ষিক শ্রেণী—‘সাহিত্য বিভাগ’

নিস্তুক, নিখিল ঘবে অমানিশা ঘোর অঙ্ককারে,  
সপুর্বির রঙমঞ্চে উদ্ভাসিত, নৌলিমার নৌড়ে।  
উর্দ্ধে প্রশাস্তির মেলা সমুজ্জল শান্ত নভে রাজে,  
নিয়ে বিশ্ব সুপ্রিম অঙ্ককারে ধরণীর মাঝে।  
অবিশ্রান্ত বিলীর বাপদের সশঙ্ক সংকার,  
কক্ষচুত উল্কা বক্ষে জীবনের জীর্ণ হাহাকার।  
একান্তই স্পৃহাহীন, শান্ত মোর বিজন উদ্ধানে  
দিবসের উপেক্ষায় বৈরাগিনী, সমাহিত ধ্যানে।  
গুর, সৌম্য, শান্তময়ী, নিষ্কলঙ্ক, নির্বাক, নিথর,  
প্রত্যেহের জীর্ণস্মৃতি কম্পবক্ষে জাগে নিরস্তুর;  
নিমীলিত আখিতারা অর্দ্ধফুট রিক্ততার বাণী,  
আধার প্রকৃতি রাজ্যে রাজনীর নিকুঞ্জের রাণী।  
কাকলী বৈরবী তানে প্রভাতে সে জাগে শেফালিক।  
অফুট নয়ন প্রাণে একবিন্দু হিম নৌহারিক।  
বাহিরে বিশ্বের বক্ষে বহে ঘবে সুষুপ্তির গান,  
তাহার অন্তরে শুধু পূর্ণতার পূর্ণ অভিযান।

---